বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন ঃ ৯৫৫০৪০৩
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭) /২০১৭-১৮/৩৩৪ তারিখঃ ০১/০১/২০১৮

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি রহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সার্কুলার লেটারনং- প্রকা /ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৬-২০১৭/৪৪২ (১২০০) তারিখ ০৭/০২/২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মাঠ পর্যায়ে ব্যাংকের ঋণের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ঋণ নীতিমালা সহজীকরন বিষয়ে পরিচালনা পর্ষদের ৩০/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৯৭তম সভায় ঋণ সহজীকরণ বিষয়ে পর্ষদ কর্তৃক গঠিত কমিটির সুপারিশমালা পেশ করা হলে চলতি মূলধণ/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি বাতিল বিষয়ে নিম্নোক্তভাবে নির্দেশনা জারীর অনুমোদন প্রদান করা হয় ঃ

| সার্কুলার লেটার নং- প্রকা /ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৬-২০১৭/৪৪২ (১২০০) তারিখ ০৭/০২/২০১৭ অনুযায়ী | পরিবর্তিত নীতিমালা |
|---|---|
| " মাঠ পর্যায়ে ব্যাংকের ঋণের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি ৫০% হ্রাস (ঋণাংকের উপর বর্তমান ০.৪০% এর পরিবর্তে ০.২০% হারে) করার প্রস্তাব অনুমোদন করা হলো যা সিদ্ধান্ত জারীর তারিখ হতে কার্যকর হবে। তবে নতুন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে প্রক্রিয়াকরণ ফি পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।" | " মাঠ পর্যায়ে ব্যাংকের ঋণের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে **চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে** বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি ঋণাংকের উপর বর্তমান ০.২০% সম্পূর্ণ প্রত্যাহার করে ০% হারে নির্ধারণ করা হলো যা সিদ্ধান্ত জারীর তারিখ হতে কার্যকর হবে।<br><br>তবে নতুন ঋণ মঞ্জুরি, জামনতি সম্পত্তির পূনঃ মূল্যায়ন, বন্ধকি দলিল নতুনভাবে সম্পাদন , বর্ধিতকরণসহ নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে প্রক্রিয়াকরণ ফি পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।" |

০৩। এতদ্ব্যতীত , পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪,সার্কুলার লেটার নং প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৫-২০১৬/৭৩৪(১২০০) তারিখ ০২/০৫/২০১৬ এবং সার্কুলার লেটার নং প্রকা /ক্রেঃবিঃ-১/৩(৮)অংশ-৭(৩)/২০১৬-২০১৭/৬২০(১২০০) তারিখ ২২.০৫.২০১৭ এর অন্যান্য সকল নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
০১.০১.২০১৮
(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

চলমান পাতা-০২

নং-প্রকা/ক্রেঃ বিঃ-১/৩(৭)/২০১৭-১৮/৩৩৪(১২৫০) তারিখঃ - ঐ -

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।

৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।

৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ , কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

৯। নথি / মহানথি।

০২.০৭.২০১৮.
(খায়রুন্নেসা আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক